সেন্টার ফর এ্যাকশন রিসার্চ-বারিন্দ "সিএআরবি"
Centre for Action Research-Barind "CARB"
রেজি নং ঃ সমাজসেবা অধিদপ্তর, রাজশা-৫২০/৯৮, এমআরএ সনদ নং ঃ ০২০৪৭-০০৫৬৫-০০১৭০

স্মারক ঃ সিএআরবি/পক/২০২৪/১০১/ ৯৫৫৬ তারিখঃ ১৫/১২/২০২৪খ্রিঃ

# অফিস আদেশ

বরাবর,
সহকর্মীবৃন্দ (সকল)
সেন্টার ফর এ্যাকশন রিসার্চ বারিন্দ "সিএআরবি"
রাজশাহী।

প্রিয় সহকর্মীবৃন্দ,

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত কয়েক বছর সংস্থা আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হওয়ায় এক ক্রান্তিকাল অতিক্রম করে সামনে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে কাজ করে যাচ্ছে। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, আমাদের প্রত্যাশা এবং প্রাপ্তির মধ্যে কোন কোন ক্ষেত্রে ছন্দপতন ঘটছে। সামনে এগিয়ে যেতে হলে সংস্থার প্রতি আনুগত্য, বিশ্বাস, আস্থা এবং মূল্যবোধ দৃঢ়ভাবে পালন করতে হয়। সেক্ষেত্রে আমাদের কর্মীদের মধ্যে কোথাও কোথাও অস্থিরতা, সংস্থার কাজের চাইতে ব্যক্তিগত কাজকে অগ্রাধিকার দেয়া, ছোট খাট দুর্নীতির সাথে জড়িয়ে পড়া, কাজে ফাঁকি দেয়া, ঊর্ধ্বতনদের আদেশ অমান্য করা, সংস্থা থেকে আবাসিক সুবিধা প্রদান করা হলেও ছুটির দিনগুলোতে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কর্মস্থল ত্যাগ, দৈনন্দিন হাতে নগদ ও ব্যাংক জমা উত্তোলনে অসতর্কতা, কর্মসূচি বাস্তবায়নে নীতিমালা অনুসরণ না করা, পরিদর্শন, সুপারভিশন ও মনিটরিং যথাযথভাবে না করা ইত্যাদি বিষয়গুলো পরিলক্ষিত হচ্ছে। ফলে সংস্থা টেকসই উন্নয়নের লক্ষ্যে সামনে এগিয়ে যাওয়ার যে পরিকল্পনা করেছে তা বাস্তবায়নে পিছিয়ে যাচ্ছে।

এমতাবস্থায় সহকর্মীদের জ্ঞাতার্থে জানাচ্ছি যে, এই সংস্থা উপকারভোগী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, দরিদ্র মেহনতী নারী পুরুষ এবং পাশাপাশি সংস্থার কর্মসূচির কলেবর বৃদ্ধির সাথে সাথে দেশের বেকার শিক্ষিত জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগও বটে। আপনাদের স্মরণ থাকা দরকার যে, আমরা সংস্থার উন্নয়ন করতে পারলে আমরা যারা কাজ করি তাদেরও আর্থিক সুবিধা বৃদ্ধি পায়। সংস্থা পিছিয়ে গেলে প্রতিযোগিতামূলক বাজারে আমাদের আর্থিক সুবিধা দিয়ে জীবন ধারণ করা খুবই কঠিন হয়ে পড়বে। ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন নিঃসন্দেহে একটি জটিল ও বহুমাত্রিক কাজ। কিন্তু দেশের প্রতিটি স্তরের মানুষকে অর্থনৈতিক কর্মকান্ড সচল রাখার জন্য আর্থিক অন্তর্ভূক্তিকরণ প্রক্রিয়ার মধ্যে আনা প্রয়োজন। সেক্ষেত্রে ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং দরিদ্র জনগোষ্ঠীর জন্য এমএফআই-গুলো একমাত্র অবলম্বন। ক্ষুদ্রঋণ সহায়তা শুধু ঋণ হিসাবে বিবেচনা করলে হবে না, এটিকে মানবাধিকার হিসাবে বিবেচনা করতে হবে।

আপনারা জানেন আমাদের সংস্থা পল্লী-কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), বাংলাদেশ ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক এবং উপকারভোগীদের নিকট থেকে ঋণ তহবিল ও সঞ্চয় আমানত সংগ্রহ করে ঋণ কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। ঋণ তহবিল প্রবাহ অব্যাহত রাখার জন্য আমাদের কর্মসূচির গুণগতমানের ক্ষেত্রে তহবিল সরবরাহকারী প্রতিষ্ঠানগুলোর কাঙ্খিত মান বজায় রাখা প্রয়োজন। আমাদের প্রত্যেক মাসে কর্মসূচির অগ্রগতি প্রতিবেদন তাদের কাছে দাখিল করতে হয়। তাছাড়া ত্রৈমাসিক, ষান্মাসিক এবং বার্ষিক বিশেষ অগ্রগতি প্রতিবেদনও দাখিল করতে হয়। এজন্য বছরের ডিসেম্বর এবং জুন মাস অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমান ডিসেম্বর/২০২৪ মাস আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এ মাসে আমাদের সুফলন ও কৃষিখাত ঋণ আদায় ১০০% নিশ্চিতকরণ এবং অর্ধবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নের তাড়না রয়েছে। ইতোমধ্যে আমরা চলতি অর্থ বছর/২০২৪ এর পরিকল্পনা বাস্তবায়নে কিছুটা পিছিয়ে পড়েছি। এমতাবস্থায় পরিকল্পনা বাস্তবায়নে আমাদের সক্রিয় হওয়া প্রয়োজন। আপনারা লক্ষ্য করবেন যে, আপনার কর্ম এলাকায় অন্যান্য সংস্থাগুলো চলতি মাসে ছুটির দিনগুলোতেও বাড়তি সময় দিয়ে পিছিয়ে পড়া পরিকল্পনা বাস্তবায়নে চেষ্টা করে যাচ্ছে। অথচ আমরা আমাদের কাজে সেভাবে সক্রিয় হচ্ছি না, যা অত্যন্ত দুঃখজনক এবং হতাশাব্যঞ্জক। ব্যক্তিগত জীবনে লেখাপড়ায় ভালো করা কিংবা আর্থিক উন্নতির জন্য পরিশ্রম,অতিরিক্ত সময় ও শ্রম দেয়া প্রয়োজন হয়। আমরাও আশা করবো আমাদের প্রিয় সংস্থাটির উন্নয়নের জন্য একটু অতিরিক্ত সময় দিয়ে আমাদের পিছিয়ে পড়া কাজগুলো সম্পূর্ণ করবো।

প্রধান কার্যালয় ঃ হোল্ডিং নং- ৩৫, তেরখাদিয়া (নূর মসজিদের দক্ষিণে), সেনানিবাস সড়ক, রাজশাহী সেনানিবাস, রাজপাড়া, রাজশাহী।
টেলিফোনঃ ০২-৫৮৮৮৫৬৫০৫, ০২-৫৮৮৮৫৬৫০৬, মোবাইলঃ ০১৩২৯-৬৩০৮৮৪, ই-মেইলঃ carbbd@gmail.com. ওয়েবঃ www.carb-bd.com.

অতএব, চলতি মাসে অতি জরুরী প্রয়োজন ছাড়া আমরা আর কর্মস্থল ত্যাগ না করে চলতি মাসের আদায়যোগ্য সুফলন, কৃষিখাত, জাগরণ, অগ্রসর ও গৃহায়ন তহবিলের ১০০% আদায় নিশ্চিতকরণের পাশাপাশি সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদয়, বকেয়া হ্রাস এবং ঋণ বিতরণ নিশ্চিত করবো। সে লক্ষ্যে কোন কর্মীর অতি জরুরী কর্মস্থল ত্যাগ/ছুটি'র প্রয়োজন হলে প্রধান নির্বাহী কর্মকর্তার অনুমোদন আবশ্যক হবে। দৈনন্দিন কাজের অগ্রগতি প্রতিবেদন সমন্বয়কারী (কার্যক্রম) এর নিকট রাত ৮ ঘটিকার মধ্যে প্রদান নিশ্চিত করতে হবে।

আশা করি আমাদের সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় আমরা লক্ষিত গন্তব্যে পৌছতে সক্ষম হব।

সকলের সু-স্থতা কামনা করছি।

মোহা. আবদুর রকিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
সেন্টার ফর এ্যাকশন রিসার্চ বারিন্দ "সিএআরবি"
রাজশাহী।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। চেয়ারম্যান, কার্য-নির্বাহী পরিষদ, সিএআরবি, রাজশাহী।
২। সাধারণ সম্পাদক, কার্য-নির্বাহী পরিষদ, সিএআরবি, রাজশাহী।

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১। পরিচালক (প্রশাসন), সিএআরবি, রাজশাহী।
২। সমন্বয়কারী (কার্যক্রম ও মানবসম্পদ), সিএআরবি, রাজশাহী।
৩। সহঃ সমন্বয়কারী (ক্ষুদ্রঋণ, অর্থ ও হিসাব) (সকল), সিএআরবি, রাজশাহী।
৪। ব্যবস্থাপক (অডিট, যোগাযোগ), সিএআরবি, রাজশাহী।
৫। এলাকা ব্যবস্থাপক (সকল), সিএআরবি, রাজশাহী।
৬। শাখা ব্যবস্থাপক (সকল)/পরিবীক্ষণ কর্মকর্তা, সিএআরবি, রাজশাহী।
৭। আইসিটি ও হিসাবরক্ষণ কর্মকর্তা/ সহঃ হিসাবরক্ষক (সকল), সিএআরবি, রাজশাহী।
৮। সিনিয়র/ফিল্ড অফিসার, সিএআরবি, রাজশাহী।
৯। অফিস কপি।